# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## এইচএসসি পরীক্ষা-২০২৫ ফরম পূরণের বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/উমা/পনি-২৭১

তারিখ: ১২ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারী, ২০২৫ খ্রিষ্টাব্দ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার আবেদন ফরম পূরণের বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত নীতিমালা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করতে অনুরোধ করা হলো।

২. (ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী ও নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীগণ আবেদন ফরম পূরণ করতে পারবে। কোন পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

(খ) কোন পরীক্ষার্থী তার নিয়ন্ত্রণ বর্হিভূত কোন কারণ কিংবা শারীরিক অসুস্থতার জন্য নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে কিংবা নির্বাচনি পরীক্ষায় অনুত্তীর্ণ হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর অভিভাবকের লিখিত আবেদন ও পরীক্ষার্থীর প্রাক নির্বাচনি পরীক্ষার সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে পরীক্ষার ফরম পূরণ করতে পারবে। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শারীরিকভাবে অক্ষম বা সেরিব্রালপলসি বা বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনি পরীক্ষায় উর্ত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য ।

(গ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরীক্ষার্থীদের এইচএসসি পরীক্ষায় অধিকতর সফলতার জন্য প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক বিষয় ভিত্তিক মডেল টেষ্ট গ্রহণ করতে পারে। কিন্তু এই মডেল টেষ্ট কোন পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক নয় এবং এর জন্য অতিরিক্ত ফি ধার্য্য বা আদায় করা যাবে না।

৩. পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ মোট অর্থ সোনালী ব্যাংক লিমিটেডের যে কোন শাখা থেকে সোনালী সেবার মাধ্যমে সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর অনুকূলে জমা করে জমাকৃত সোনালী সেবার রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৪. এইচএসসি পরীক্ষা- ২০২৫ অনুষ্ঠানের সম্ভাব্য তারিখ: **২৬/০৬/২০২৫ (বৃহস্পতিবার)।**

৫. **Online** এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা **(Probable List)** প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট **(www.rajshahieducationboard.gov.bd)** এ ০১/০৩/২০২৫ তারিখে প্রকাশ করা হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ০২/০৩/২০২৫ **থেকে** ১০/০৩/২০২৫ তারিখের মধ্যে **Online** এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ ( **eFF**) সম্পন্ন করতে হবে।

(ক) শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে eFF (Form Fill up) এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে **Probable list-** এ যেতে হবে এবং **Print** করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি **Probable list-**এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে **Select** করতে হবে।

(গ) **Temporary List Print** করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে **Select/Unselect** করা যাবে।

(ঘ) এরপর **Pay Slip** প্রিন্ট করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় ( যে শাখায় সোনালী সেবা চালু আছে ) **Pay Slip,** সোনালী সেবার রশিদ এ উল্লিখিত পরিমান টাকা জমা প্রদান করতে হবে। উল্লেখ্য **Pay Slip** প্রিন্ট করলে আর কোন অবস্থাতেই **Select/Unselect** করা যাবে না। তবে ব্যাংকে টাকা জমা দিলে অবশিষ্ট ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে আবার ফরম পূরণ/সোনালী সেবা তৈরি করা যাবে ।

(ঙ) সোনালী সেবার মাধ্যমে ফি জমার শেষ তারিখ **১১/০৩/২০২৫** । ফি এর টাকা ব্যাংকে জমা দেয়ার ২৪ ঘন্টার মধ্যে **Final Candidate List Print Active** হবে। **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলমোহর প্রদান করতে হবে।

(চ) প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে ফরমপূরণের কাজ একাধিকবার একইভাবে সম্পন্ন করতে পারবে।

(ছ) বিলম্ব ফি সহ **১২/০৩/২০২৫ থেকে ১৭/০৩/২০২৫** তারিখ পর্যন্ত **Online** এ ফরম পূরণ (eFF) করা যাবে। সোনালী সেবার মাধ্যমে ফি জমার শেষ তারিখ **১৮/০৩/২০২৫ ( পরবর্তীতে ফরম পূরণের সময় বর্ধিত করা হবে না)।**

৬. **পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি এককপি শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।**

৭. **ইলেক্ট্রনিক ফরম ফিল আপ (eFF) এর কার্যক্রম ও পরীক্ষার ফি এর হার নিম্নে প্রদত্ত হলো:**

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | নিবন্ধনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত (রিটেন্ড) পরীক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষায় তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ : | ২৭/০২/২০২৫ |
| (খ) | GPA উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ : নোট : যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় GPA ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা GPA উন্নয়নের জন্য ২০২৫ সালের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০২৪ সালে আংশিক বিষয়ে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীরা এ সুযোগ পাবে না। উল্লেখ্য যে, জি পি এ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ সকল ছাত্র/ছাত্রীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শারীরিকভাবে অক্ষম বা সেলিব্রালপলসি বা বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য। | ২৭/০২/২০২৫ |
| (ঘ) | নির্বাচনি পরীক্ষা গ্রহণ শেষে ফল প্রকাশের শেষ তারিখ | ২৭/০২/২০২৫ |
| (ঘ) | রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ: নোট: ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং ২০২৪ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে শুধু ২০২৫ সালে ঐ এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। রেজিস্ট্রেশন নবায়ন ফি পরীক্ষার্থী প্রতি ২৫০/-(দুইশত পঞ্চাশ টাকা)। | ০১/০৩/২০২৫ (টাকা ফরম পূরণের সাথে আদায় হবে) |
| (ঙ) | রাজশাহী শিক্ষা বোর্ডের Website এ eFF এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রদর্শন | ০১/০৩/২০২৫ |
| (চ) | প্রদর্শিত সম্ভাব্য তালিকা থেকে Online - এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন ও বিলম্ব ফিস ছাড়া "সোনালী সেবার "মাধ্যমে ফিসের অর্থ জমা দেয়ার তারিখ: উল্লেখ্য, (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন পরীক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। (খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করতে হবে। | ০২/০৩/২০২৫ থেকে ১০/০৩/২০২৫ |
| (ছ) | সোনালী সেবার মাধ্যমে ফিসের অর্থ জমা দেয়ার শেষ তারিখ | ১১/০৩/২০২৫ |
| (জ) | বিলম্ব ফিসহ অনলাইনে ফরম পূরণ | ১২/০৩/২০২৫ হতে ১৭/০৩/২০২৫ |
| (ঝ) | পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ "সোনালী সেবার " মাধ্যমে ফিসের অর্থ জমা দেয়ার শেষ তারিখ | ১৮/০৩/২০২৫ |

৮. **সোনালী ব্যাংকের সোনালী সেবার কপি ও পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ চূড়ান্ত প্রিন্ট কপি রাজশাহী শিক্ষা বোর্ডের হিসাব (আয়) শাখায় এক কপি, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখায় এক কপি জমা দিতে হবে এবং এক কপি শিক্ষা প্রতিষ্ঠান সংরক্ষণ করবেন। জমা দেয়ার তারিখ নিম্নে প্রদত্ত হলো :**

| ক্রমিক নম্বর | জেলার নাম | সোনালী সেবার রশিদ/হার্ডকপি,কাগজপত্রাদি জমার তারিখ |
|---|---|---|
| ১. | রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর ও নওগাঁ | ২৩/০৩/২০২৫ |
| ২. | পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট | ২৪/০৩/২০২৫ |

৯. **পরীক্ষার মাধ্যম** : কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার্থী **English Version** পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বিষয়ওয়ারী ০২(দুই) কপি তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী বিজ্ঞপ্তি প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে গোপনীয় শাখায় সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়) এর নিকট হাতে হাতে অবশ্যই জমা দিতে হবে। মূল কপি স্ক্যান করে controller@rajshahieducationboard.gov.bd ই- মেইল ঠিকানায় পাঠাতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের **English Version** পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে পরীক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন। ( ইতোমধ্যে জমা দেয়া হলে প্রয়োজন নাই )।

**"ছক"**

| ক্রমিক | বিভাগ | বিষয় ও পত্র | বিষয় কোড | শিক্ষাবর্ষ | মোট পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | | | | | |
| | | | | | |

১০. **<u>এক/দুই বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত</u> :**

(ক) যে সকল পরীক্ষার্থী ২০২২/২০২৩/২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য /অনুপস্থিত হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৫ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **আংশিক বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীরা কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।** তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে ।

(খ) ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে এক বিষয়ে অকৃতকার্য/ অনুপস্থিত প্রাইভেট পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন নবায়ন করে ২০২৫ সালের এক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে তাদেরকে অনুচ্ছেদ ৭(ঘ) মোতাবেক তারিখের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হারে নিবন্ধন নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে নিবন্ধন নবায়ন করতে হবে।

(গ) যে সকল পরীক্ষার্থী ২০২২/২০২৩/২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য /অনুপস্থিত হয়ে, ২০২২/২০২৩/২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় ঐ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিস্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২২/২০২৩/২০২৪ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৫ সালের সকল/এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

১১. ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় ৪র্থ বিষয়ের সুবিধা সংক্রান্ত :

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং: শিম/শা:১০/৭ পরীক্ষা ২(গ্রেডিং) /২০০২/৬১০, তারিখ ০৪/০১/০৩-এর ১(ঞ) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে ৪র্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

১২. রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত:

(ক) ২০২০-২০২১ সেশনের পূর্বের রেজিস্ট্রেশন নম্বরধারী কোন পরীক্ষার্থী ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেনা। তবে ২০১৯-২০২০ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল অধ্যক্ষকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৩. রেজিস্ট্রেশন নবায়ন সংক্রান্ত :

(ক) ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অনিয়মিত এবং প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা দুই বা ততোধিক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারা কোন অবস্থাতেই রেজিস্ট্রেশন নবায়ন করে ২০২৫ সালে একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালের পূর্বে এইচএসসি পরীক্ষার যে কোন এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোন কারণে তারা ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০২৪ সালে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে শুধু এক বারের জন্য রেজিস্ট্রেশন নবায়ন পূর্বক ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) রেজিস্ট্রেশন নবায়নকৃত পরীক্ষার্থীর নবায়ন ফি বাবদ অর্থ ফরম পূরনের(eFF) ফি এর সাথে গ্রহণ করা হবে বিধায় নবায়নকৃত পরীক্ষার্থীকে আলাদাভাবে নবায়ন ফি বাবদ অর্থ প্রদান করতে হবে না।

(ঘ) এইচএসসি পরীক্ষা ২০২৫ এর প্রবেশপত্র বিতরনের দিন কলেজ কর্তৃপক্ষকে নবায়নকৃত রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থী/পরীক্ষার্থীদের মুল রেজিস্ট্রেশন কার্ডে নবায়নের সীল ও প্রয়োজনীয় স্বাক্ষর উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে সংগ্রহ করতে হবে।

**বি:দ্র: আংশিক বিষয়ের পরীক্ষার্থী হিসেবে কখনই ৪র্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না এবং দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে কখনই রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।**

১৪. জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত:

(ক) রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরেই এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে; সেহেতু যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় নির্ধারিত সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী এক/দুই বিষয়ে পরীক্ষা দিয়ে ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কখনই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না ।

(গ) **জিপিএ উন্নয়ন ফরম পূরণ সংক্রান্ত কাজ online- এ সম্পন্ন করতে হবে।**

**১৫. পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস ও সময় সংক্রান্ত ঃ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ৩.০০ ঘন্টা।**

১৬. সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি এর হার নিম্নোক্ত ছকে দেয়া হলো :

| পরীক্ষার্থীর প্রকার | পরীক্ষার ফি প্রতিপত্র/বিষয় | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতিপত্র আদায়কৃত) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী) | অনুমতি/অন্তর্ভুক্তি/ রেজি: নবায়ন ফি (প্রতি পরীক্ষার্থী) | রোভারস্কাউট/গার্লস গাইড ফি (পরীক্ষার্থী প্রতি) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| নিয়মিত পরীক্ষার্থী | ১১০/- | ৭০/- | ১০০/- | ১৫০/- | ------ | -- | ২৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১১০/- | ৭০/- | ১০০/- | ১৫০/- | ১০০/- | -- | ২৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১১০/- | ৭০/- | ১০০/- | -- | ১০০/- | -- | ২৫/- |
| এক বিষয়ের পরীক্ষার্থী রেজিস্ট্রেশন মেয়দ শেষ হয়েছে(অনিয়মিত/প্রাইভেট) | ১১০/- | ৭০/- | ১০০/- | -- | ১০০/- | ২৫০/- | ২৫/- |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১১০/- | ৭০/- | ১০০/- | ১৫০/- | -- | ১০০/- | ২৫/- |
| প্রাইভেট পরীক্ষার্থী | ১১০/- | ৭০/- | ১০০/- | ১৫০/- | -- | ১০০/- | ২৫/- |

প্রতিপত্র ব্যবহারিক ফি ৭০/- (সত্তর) টাকার বিভাজন: ৭০/-(সত্তর) টাকা থেকে ২৫/-(পঁচিশ) টাকা শিক্ষা বোর্ড তহবিলে জমা এবং ৪৫/-(পঁয়তাল্লিশ) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে দিতে হবে। উক্ত ৪৫/- (পঁয়তাল্লিশ) টাকা থেকে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ২৫/- (পঁচিশ) টাকা ব্যবহারিক পরীক্ষা ও আনুষঙ্গিক কাজে ব্যয় করবেন। অবশিষ্ট ২০/- (বিশ) টাকা থেকে কেন্দ্র অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ) টাকা এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক প্রদান করবেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার ফি আদায়কৃত টাকা থেকে ২৫/- (পঁচিশ) টাকা শিক্ষা বোর্ড তহবিলে, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে আনুষঙ্গিক কাজের ব্যয় নির্বাহের জন্য ৭/- (সাত) টাকা এবং উত্তরপত্র মূল্যায়ন বাবদ পরীক্ষককে ১৩/- (তের) টাকা হারে প্রদান করতে হবে। উল্লেখ্য, এ বিষয়ে শিক্ষা বোর্ড টি এ/ ডি এ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী/পারিশ্রমিক প্রদান করবে না।

১৭. (ক) অন্যান্য ফি-এর হার (যাদের বেলায় প্রযোজ্য) :

১. রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ২৫০/- (দুইশত পঞ্চাশ ) টাকা।
২. বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী ১০০/- (একশত) টাকা।

(খ) প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষার ফি :

(i) যে সকল প্রাইভেট পরীক্ষার্থীর নির্বাচনি পরীক্ষা আছে (প্রতি পরীক্ষার্থী) ২০০/- (দুইশত) টাকা ।
(ii) যে সকল প্রাইভেট পরীক্ষার্থীর (যেমন: দৃষ্টি প্রতিবন্ধী, সেরিব্রাল পলসি জনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী শিক্ষক, পুলিশ ও মিলিটারী) নির্বাচনি পরীক্ষা নেই তাদের ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী) ১০০/- (একশত) টাকা।

১৮. কেন্দ্র ফি সংক্রান্ত (এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে):

এইচএসসি পরীক্ষা কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী ৪৫০/-(চারশত পঞ্চাশ) টাকা। (কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের সম্মানী ও অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে)। কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ তত্ত্বীয় এবং ব্যবহারিক উভয় প্রকার পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। পরীক্ষার কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ সকল পরীক্ষা পরিচালনার ব্যয়ের ঘাটতি বিশেষ করে ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক দ্রব্যাদিসহ অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের ব্যয় বহন করবেন, এ ক্ষেত্রে বোর্ড কর্তৃক কোনরূপ অনুদান প্রদান করা হবে না। শিক্ষা বোর্ড অফিস থেকে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত আনুষঙ্গিক কাগজপত্র সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি থেকে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে। যে প্রতিষ্ঠানে যে বিষয়ে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে সংশ্লিষ্ট বিষয়ের ব্যবহারিক পরীক্ষার ফি উক্ত প্রতিষ্ঠান প্রাপ্য হবে। আদায়কৃত কেন্দ্র ফি ( ব্যবহারিক ফি ব্যতীত) থেকে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্র/ভেন্যুর ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করবে। ভেন্যু কেন্দ্রের পরীক্ষা পরিচালনার সকল প্রকার ব্যয়ভার মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বহন করবেন। নিজ কলেজে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে , পরীক্ষার্থী ও বিষয়ের সংখ্যা অনুপাতে মুল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কলেজকে ব্যবহারিকের নির্ধারিত ফি প্রদান করবে।

১৯. পরীক্ষার ফি এবং ফরম শিক্ষা বোর্ডে জমা দেয়ার নিয়মাবলী সংক্রান্ত :

(ক) পরীক্ষার যাবতীয় ফি শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে কেবল সোনালী ব্যাংক লিমিটেডের যে কোন শাখা হতে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে।
(খ) কোনক্রমেই নগদ টাকা, পে-অর্ডার , পোষ্টাল অর্ডার, মনি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদিতে বোর্ডের ফি গ্রহণ করা হবে না।
(গ) এই বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনক্রমেই পরীক্ষার ফি সোনালী সেবা ও অন্যান্য কাগজপত্রাদি গ্রহণ করা হবে না।

২০. **শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীদের নিকট থেকে সর্বোচ্চ ২৪ (চব্বিশ) মাসের টিউশন ফি আদায় করতে পারবে ।**

২১. ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশ পদ্ধতি সংক্রান্ত: সকল প্রকার পরীক্ষার্থীর ফল নিম্নোক্ত গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

| লেটার গ্রেড | প্রাপ্ত নম্বরের শ্রেণিব্যাপ্তি (%) | গ্রেড পয়েন্ট |
|---|---|---|
| A+ | 80-100 | 5.00 |
| A | 70-79 | 4.00 |
| A- | 60-69 | 3.50 |
| B | 50-59 | 3.00 |
| C | 40-49 | 2.00 |
| D | 33-39 | 1.00 |
| F | 00-32 | 0.00 |

২২. **অন্যান্য বিষয় সংক্রান্ত:**

(ক) অবৈধ রেজিস্ট্রেশন, বোর্ডের অনুমতি ছাড়া অবৈধভাবে কলেজ বদলী ও অভিযুক্ত হবার কারণে কোন ছাত্র/ছাত্রী পরীক্ষার্থী হলে সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এছাড়াও অন্য যে কোন ধরণের অবৈধ শিক্ষার্থীকে পরীক্ষায় অবতীর্ণ হবার অনুমতি দিলে সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

(খ) এ বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০২৫ সালের এইচএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৩. **বিশেষ পরামর্শ :**

রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয় ছাড়া অন্য বিষয়ে ফরম পূরণ করা যাবে না। নিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে বিষয়, শিক্ষার্থীর নাম, মাতা-পিতার নাম ভুল হলে নির্দিষ্ট সময়সীমার মধ্যে সংশোধন করতে হবে। প্রবেশপত্র ইস্যু হবার পর পরীক্ষা চলাকালীন পর্যন্ত শিক্ষার্থী প্রতি ৫০০/-(পাঁচশত) টাকা ফি প্রদান পূর্বক প্রবেশপত্র সংশোধন করা যাবে। ফল প্রকাশের পরে প্রবেশপত্রের বিষয় সংশোধন করতে শিক্ষার্থী প্রতি ২০০০/-( দুই হাজার) টাকা ফি প্রদান করতে হবে। পরীক্ষা শুরু হতে তিন মাস পরে (পরীক্ষা শুরুর তারিখ হতে তিন মাস সময়) এ সংক্রান্ত কোন বিষয় বিবেচনা করা হবে না।

চেয়ারম্যানের আদেশক্রমে

25/2/25

**প্রফেসর মো. আরিফুল ইসলাম**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
টেলিফোন নম্বর : ০২৫৮৮৮৫৬২৩১
controller@rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/উমা-১/০৯(২য় খন্ড)/পনি- **২৬৫ (১২০০)** তারিখ: ২৫/০২/২০২৫ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ;**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ;
৩. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ;
৪. ডি.আই.জি অব পুলিশ, রাজশাহী বিভাগ, রাজশাহী ;
৫. পুলিশ কমিশনার, আর.এম.পি. রাজশাহী;
৬. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট ;
৭. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী ;
৮. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী অঞ্চল, রাজশাহী ;
৯. পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা ;
১০. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড ;
১১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী ;
১২. অধ্যক্ষ, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল মহাবিদ্যালয় ;
১৩. উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী বিভাগের সকল উপজেলা ;
১৪. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
১৫. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, গ্রেটার রোড শাখা, রাজশাহী ;
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী ;
১৭. সকল কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী ;
১৮. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী ;
১৯. অফিস কপি

25/2/25

**মোছা. সেলিনা পারভীন**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(উচ্চ মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
টেলিফোন নম্বর : ০২৫৮৮৮৫৫৯২১ (অফিস)
dch@rajshahieducationboard.gov.bd